



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা), ৩৭/৩/এ, ইস্কাটন
গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.ntrca.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০১.২৪.১১৩০

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
০১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: শিক্ষক নিবন্ধন প্রত্যয়নপত্র যাচাই।

সূত্র: তাঁর কার্যালয়ের স্মারক নং ৩৭.১৯.০০০০.০০৭.১৬.০০২.২৩.৭, তারিখ: ৩০.০৬.২০২৪ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে তাঁর সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, জনাব ভজন চন্দ্র মল্লিক (পিতা: রবীন্দ্র চন্দ্র মল্লিক) এর ২০০৬ সালের ২য় শিক্ষক নিবন্ধন পরীক্ষার (রোল নং ১১১১০৭১৬, রেজি. নং ০৯৪৩১৭/২০০৬) নিবন্ধন প্রত্যয়নপত্রটি যাচাইয়ের নিমিত্ত ইতোপূর্বে তাঁর কার্যালয়ের ১১.০৪.২০২৩ তারিখের ৩৭.১৯.০০০০.০০৭.১৬.০০২.২৩.২ স্মারকমূলে প্রেরণ করা হয়েছিল। তৎপ্রেক্ষিতে প্রেরিত নিবন্ধন প্রত্যয়নপত্রটি যাচাই অস্ত্রে এ কার্যালয়ের ০২.০৫.২০২৩ তারিখের ৩৭.০৫.০০০০.০১০.০৫.০০১.২৩.৬০৪ স্মারকমূলে যাচাই প্রতিবেদনটি (কপি সংযুক্ত) ডি-নথি সিস্টেমে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, বর্ণিত যাচাই প্রতিবেদনটি যথারীতি এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে এবং অদ্যাবধি ওয়েবসাইটে দৃশ্যমান রয়েছে।

০২। পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা এর প্রেরিত পত্রে উল্লেখ করা হয়েছে যে, দাপ্তরিক প্রয়োজনে উক্ত সনদের সঠিকতা যাচাইপূর্বক মতামত প্রদানের জন্যে উক্ত কার্যালয়ের ১১.০৪.২০২৩ তারিখের ৩৭.১৯.০০০০.০০৭.১৬.০০২.২৩.২ স্মারকমূলে প্রেরিত পত্রে অনুরোধ করা হলেও অদ্যাবধি কোন মতামত পাননি বলে যে অভিযোগ করা হয়েছে, তা মোটেও সঠিক নয়। এধরনের অভিযোগ করার আগে এনটিআরসিএ এর ওয়েব সাইটে যাচাই প্রতিবেদন দেখা প্রয়োজন ছিল। ভবিষ্যতে এ ধরনের অভিযোগের বিষয়ে সতর্কতা অবলম্বন করার পরামর্শ দেয়া হলো।

০৩। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা।



F/Amel

০১-০৮-২০২৪

ফিরোজ আহমেদ

সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১)

পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর:

তারিখ: ১৭ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
০১ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক (গ্রোড-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা ভবন, ঢাকা-১০০০;

২। সদস্য (যুগ্মসচিব), পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন, এনটিআরসিএ, ঢাকা;

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

৪। সিস্টেম এনালিস্ট, এনটিআরসিএ, ঢাকা (পত্রটি এনটিআরসিএ-এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ) এবং

৫। পি.এ টু চেয়ারম্যান, এনটিআরসিএ, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।



F/Amel

০১-০৮-২০২৪

ফিরোজ আহমেদ

সহকারী পরিচালক (পরীক্ষা মূল্যায়ন ও প্রত্যয়ন-১)